# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/৫৩

তারিখ ঃ ১০ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ
২৩ জানুয়ারি ২০১৮ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬২৫ তম কমিশন সভা অদ্য ২৩/০১/২০১৮ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. এসকয়ার নীট কম্পোজীট লিঃ কে বুক বিল্ডিং পদ্ধতিতে ইলেকট্রনিক বিডিং সম্পাদনের মাধ্যমে কাট-অফ মূল্যে (cut-off price) নির্ধারণের অনুমোদন প্রদান করা হয়েছে। আলোচ্য কোম্পানীটি বুক বিল্ডিং পদ্ধতিতে প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে পুঁজিবাজার থেকে ১৫০.০০ (একশত পঞ্চাশ) কোটি টাকা মুলধন সংগ্রহ করবে এবং উক্ত অর্থ মেশিন ক্রয়, ভবন নির্মাণ ও সিভিল কন্সট্রাকশন এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩০ শে জুন ২০১৭ তারিখে সমাপ্ত আর্থিক বিবরনী অনুযায়ী যথাক্রমে শেয়ার প্রতি নেট অ্যাসেট ভ্যালু (রিভ্যালূয়েশন রির্জাভসহ) ৪৫.৮৩ টাকা ও শেয়ার প্রতি নেট অ্যাসেট ভ্যালু (রিভ্যালূয়েশন রির্জাভ ছাড়া) ২৫.৯৬ টাকা এবং শেয়ার প্রতি আয় ২.৫২ টাকা (Weighted average)। কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে প্রাইম ফাইন্যান্স ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ।

উল্লেখ্য যে, বুক বিল্ডিং এর বিডিং পদ্ধতি নিয়ে সভায় দীর্ঘ আলোচনা হয়। এ বিষয়ে Eligible Investor দের বিডিং এ অংশগ্রহণ প্রক্রিয়ায় কতিপয় আচরণগত বিষয়ে সংশোধনী আনয়নের সিদ্ধান্ত গৃহীত হয় যা শীঘ্রই প্রকাশ করা হবে।

২. এনসিসি ব্যাংক লিঃ এর ৪০০ কোটি টাকার Non-convertible Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৭ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Non-convertible, Unlisted, Fully Redeemable, Subordinated Bond। বন্ডটি ০৭ বছরে full redemption হবে, যা শুধুমাত্র ব্যাংক, স্থানীয় আর্থিক প্রতিষ্ঠান, বীমা কোম্পানী, কর্পোরেট বডি, সম্পদ ব্যবস্থাপনা প্রতিষ্ঠান, মিউচ্যুয়াল ফান্ড এবং উচ্চ সম্পদশালী ব্যক্তিগণের (high net worth individuals) মধ্যে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে এনসিসি ব্যাংক লিঃ Tier II Capital Base এর শর্ত পূরণ করবে। এনসিসি ব্যাংক লিঃ, Non-convertible Subordinate Bond এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০০,০০,০০০/- (এক কোটি) টাকা। এই বন্ডের ট্রাস্টি হিসাবে কাজ করছে ইবিএল ইনভেস্টমেন্ট লিঃ ।

৩. সেন্ট্রাল ডিপজিটরি বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল) এর আবেদনের প্রেক্ষিতে, কমিশন, আজকের সভায় ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ মোতাবেক সিডিবিএল এর ব্যবস্থাপনা পরিচালক ও মুখ্য নির্বাহী কর্মকর্তা পদে জনাব শুভ্র কান্তি চৌধুরী, এফসিএ -কে ২ (দুই) বছরের জন্য নিয়োগের বিষয়টি অনুমোদন করেছে। উল্লেখ্য, সিডিবিএল বোর্ড জনাব শুভ্র কান্তি চৌধুরীকে সিডিবিএল এর ব্যবস্থাপনা পরিচালক ও মুখ্য নির্বাহী কর্মকর্তা পদে ১লা ফেব্রুয়ারী ২০১৮ থেকে দুই বছরের জন্য নিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করে।

৪. কতিপয় সিকিউরিটিজের অস্বাভাবিক দর বৃদ্ধির প্রেক্ষিতে কমিশন কর্তৃক গঠিত তদন্ত কমিটির (কমিশনের আদেশ নং- BSEC/Surveillance/2010-0713/772, তারিখঃ 22/12/2016 এবং BSEC/Surveillance/2010-0713/790, তারিখঃ 14/02/2017) দাখিলকৃত প্রতিবেদনে উল্লেখিত হয় যে, গ্লোব সিকিউরিটিজ লিঃ (ডিএসই ট্রেক নং ১৮৯) গ্রাহকদের "Z" ক্যাটাগরির শেয়ার ক্রয়ে অর্থ সমন্বয় সুবিধা প্রদান করার মাধ্যমে কমিশনের নির্দেশনা নং- SEC/SRMID/94-231/1640 তাং 31/01/2008 লংঘন করেছে। উক্ত সিকিউরিটিজ আইন ভঙ্গের জন্য কমিশন গ্লোব সিকিউরিটিজ লিঃ কে সতর্কপত্র ইস্যু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

৫. কতিপয় সিকিউরিটিজের অস্বাভাবিক দর বৃদ্ধির প্রেক্ষিতে কমিশন কর্তৃক গঠিত তদন্ত কমিটির (কমিশনের আদেশ নং- BSEC/Surveillance/2010-0713/772, তারিখঃ 22/12/2016 এবং BSEC/Surveillance/2010-0713/790, তারিখঃ 14/02/2017) দাখিলকৃত প্রতিবেদনে উল্লেখিত হয় যে, টোটাল কমিউনিকেশন লিঃ (ডিএসই ট্রেক নং ২০০) গ্রাহকদের "Z" ক্যাটাগরির শেয়ার ক্রয়ে অর্থ সমন্বয় সুবিধা প্রদান করার মাধ্যমে কমিশনের নির্দেশনা নং- SEC/SRMID/94-231/1640 তাং 31/01/2008 লংঘন করেছে। উক্ত সিকিউরিটিজ আইন ভঙ্গের জন্য কমিশন টোটাল কমিউনিকেশন লিঃকে সতর্কপত্র ইস্যু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৬. কতিপয় সিকিউরিটিজের অস্বাভাবিক দর বৃদ্ধির প্রেক্ষিতে কমিশন কর্তৃক গঠিত তদন্ত কমিটির (কমিশনের আদেশ নং- BSEC/Surveillance/2010-0713/772, তারিখঃ 22/12/2016 এবং BSEC/Surveillance/2010-0713/790, তারিখঃ 14/02/2017) দাখিলকৃত প্রতিবেদনে উল্লেখিত হয় যে, ফার্স্ট ক্যাপিটাল সিকিউরিটিজ লিঃ (ডিএসই ট্রেক নং ৭০) নিম্নে বর্ণিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গ করেছে ঃ

(ক) "Z" ক্যাটাগরির শেয়ারে বিনিয়োগকারীকে মার্জিন ঋণ প্রদানের মাধ্যমে কমিশনের Directive No. SEC/CMRRCD/2001-43/169 dated 01/10/2009 লংঘন;
(খ) "Z" ক্যাটাগরির শেয়ার ক্রয়ে অর্থ সমন্বয় সুবিধা প্রদান করার মাধ্যমে কমিশনের নির্দেশনা নং- SEC/SRMID/94-231/1640 তাং 31/01/2008 লংঘন; এবং
(গ) নগদ হিসাবে মার্জিন ঋণ সুবিধা প্রদান করার মাধ্যমে Margin Rules, 1999 এর Rule 3 এর Section 3(1) এবং Section 3(2) এর লংঘন।

উক্ত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন ফার্স্ট ক্যাপিটাল সিকিউরিটিজ লিঃকে ১ (এক) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৭. (ক) পূবালী ব্যাংক লিঃ এর পরিচালক জনাব সৈয়দ মোয়াজ্জেম হোসেন তার Prince Corporation Limited এর নামে পরিচালিত BO হিসাবসমূহে শেয়ার ক্রয়ের ক্ষেত্রে পূর্ব ঘোষণা প্রদান না করে কমিশনের নির্দেশনা নং- SEC/CMRRCD/2009-193/49/Admin/03-48, তাং 14/07/2010 ভঙ্গ করেছে। এছাড়াও পূবালী ব্যাংক লিঃ ৩১ ডিসেম্বর ২০১৩ সালে সমাপ্ত বৎসরের আর্থিক বিবরণীর উপর ১০% স্টক ডিভিডেন্ট প্রদান করেছে। উক্ত ঘোষণার বিষয় পূবালী ব্যাংক লিঃ এর পরিচালক জনাব সৈয়দ মোয়াজ্জেম হোসেন সুবিধাভোগী হিসেবে পূর্ব থেকেই জানতেন। ফলে ঐ সময়ে উক্ত কোম্পানীর শেয়ার ক্রয় করে তিনি সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ১৯৯৫ এর বিধি ৪ এর উপ-বিধি (১) এবং উপ-বিধি (২) ভঙ্গ করেছেন। বর্ণিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য, কমিশন, জনাব সৈয়দ মোয়াজ্জেম হোসেনকে ৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

(খ) পূবালী ব্যাংক লিঃ (ইস্যুয়ার) তাদের পরিচালক জনাব সৈয়দ মোয়াজ্জেম হোসেন এর শেয়ার ক্রয় সংক্রান্ত বিষয়ে শেয়ারের মূল্য সম্পর্কে মিথ্যা তথ্য প্রদান করে Securities and Exchange Ordinance, 1969 এর Section 18 ভঙ্গ করেছে। এছাড়া পূবালী ব্যাংক লিঃ এর পরিচালক জনাব সৈয়দ মেয়াজ্জেম হোসেন এর শেয়ার ক্রয় সংক্রান্ত বিষয়ে তথ্য চাওয়া হলে উক্ত তথ্য প্রদান না করে Securities and Exchange Ordinance, 1969 এর Section 11(2) ভঙ্গ করেছে। উক্ত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন পূবালী ব্যাংক লিঃ কে সতর্কপত্র ইস্যু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২৬/০২/২০১৮
মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।